# বাংলাদেশ রেলওয়ে সরকারি নাজিম উদ্দীন উচ্চ বিদ্যালয়, ঈশ্বরদী, পাবনা।

স্থাপিত:- ১৯৫২ সন

**নম্বর : ৪২১/এনএস/ভর্তি-৩৮** | **তারিখ : ২২/১০/২০২৩ খ্রিঃ**

## ২০২৪ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ শ্রেণিতে ছাত্র/ছাত্রী ভর্তি বিজ্ঞপ্তি

বাংলাদেশ রেলওয়ে সরকারি নাজিম উদ্দীন উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সিদ্ধান্ত মোতাবেক সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র বিদ্যালয়ে শুধুমাত্র ষষ্ঠ শ্রেণিতে রেলওয়ে পোষ্য ও অন্যান্য কোটা বিহীন বহিরাগত ৭০ (সত্তর) টি আসনে ৭০ (সত্তর) জন ছাত্র/ছাত্রী লটারীর মাধ্যমে বাছাই করে ভর্তি করা হবে। ১০ (দশ) জন শিক্ষার্থী লটারীর মাধ্যমে অপেক্ষমান তালিকায় রাখা হবে।

২০২৩ সালে ৫ম শ্রেণিতে অধ্যয়নরত বিদ্যালয়ের প্রধান শিক্ষক কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র/সনদ পত্র/প্রসংশা পত্র/নম্বর পত্রের ফটোকপি সহ বাংলাদেশ রেলওয়ের www.railway.gov.bd এই ওয়েব সাইটের নোটিশ থেকে ডাউনলোডকৃত আবেদন ফরম শত ভাগ নির্ভুল ভাবে কম্পিউটারে কম্পোজ করে আগামী ২৪/১০/২০২৩ খ্রিঃ হতে ১৪/১১/২০২৩ খ্রিঃ পর্যন্ত প্রতিদিন সকাল ১০.০০ টা থেকে দুপুর ০২.০০ টা পর্যন্ত নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে ভর্তির আবেদন ফি বাবদ ১১০/-(এক শত দশ) টাকা পরিশোধ করে শিক্ষার্থীর ও অভিভাবকের স্বাক্ষরকৃত আবেদন ফরম শৃঙ্খলা ও স্বাস্থ্যবিধি মেনে শিক্ষার্থীর পিতা/মাতা/অভিভাবক জমা দিতে পারবেন।

## ভর্তিচ্ছু শিক্ষার্থীদের আবেদনের যোগ্যতা ও নির্দেশাবলীঃ

১. সরকারি নির্দেশনা অনুসরন করে ম্যানেজিং কমিটির সিদ্ধান্ত মোতাবেক ভর্তির কার্যক্রম সম্পন্ন করা হবে।
২. বাংলাদেশ রেলওয়ের বিভিন্ন বিভাগে কর্মরত কর্মকর্তা/কর্মচারীর পোষ্য যেমনঃ পুত্র/কন্যা অগ্রাধিকার ভিত্তিতে ভর্তি করা হবে।
৩. রেলওয়ে পোষ্য কোটায় ও অনুমোদিত অন্যান্য কোটায় অন্যান্য শ্রেণিতে প্রমানক কাগজপত্র প্রাপ্তি সাপেক্ষে শিক্ষার্থী ভর্তি করা হবে।
৪. রেলওয়ের অস্থায়ী ভিত্তিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীর পোষ্যদের ক্ষেত্রে রেলওয়ে পোষ্য কোটায় ভর্তি প্রযোজ্য হবে না।
৫. মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান কোটার ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত বিধি-বিধান অনুসরণ করা হবে।
৬. ভর্তির জন্য লটারীর মাধ্যমে বাছাইকৃত শিক্ষার্থীদের চূড়ান্ত তালিকা ম্যানেজিং কমিটির সভাপতি, ডি আর এম, পাকশী মহোদয়/প্রতিনিধির অনুমোদন সাপেক্ষে প্রকাশের তারিখ ২৩/১১/২০২৩ খ্রিঃ।
৭. চূড়ান্তভাবে নির্বাচিত যোগ্য শিক্ষার্থীদের ২৬/১১/২০২৩ খ্রিঃ তারিখ হতে ২৭/১১/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে বিদ্যালয়ের পাওনাদি পরিশোধ করে অবশ্যই ভর্তি হতে হবে। উল্লিখিত তারিখের মধ্যে বাছাইকৃত কোন শিক্ষার্থী ভর্তি হতে ব্যর্থ হলে পরবর্তীতে আর ভর্তির সুযোগ পাবে না।
৮. যদি আসন শূণ্য থাকে তবে অপেক্ষমান তালিকা থেকে ২৮/১১/২০২৩ খ্রিঃ তারিখ হইতে ২৯/১১/২০২৩ খ্রিঃ পর্যন্ত সকাল ১০.০০ টা হতে দুপুর ০১.০০ টা পর্যন্ত ভর্তি করা হবে।
৯. মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান কোটায় ভর্তির আবেদন ফরম জমাদেয়ার সময় মুক্তিযোদ্ধার সনদের সত্যায়িত ফটোকপি ও প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধার সাথে ভর্তিচ্ছু শিক্ষার্থীর সম্পর্কের প্রত্যয়ন পত্র জমা দিতে হবে।
১০. ঘষামাজা, উপরিলিখন, ত্রুটিপূর্ণ, ফ্লুইড ব্যবহৃত, চাহিদা মোতাবেক তথ্য কম্পিউটারে কম্পোজের মাধ্যমে পূরণ না করা ও প্রয়োজনীয় কাগজপত্র জমা না দিলে আবেদন পত্র গ্রহণযোগ্য হবে না।
১১. ছাত্র/ছাত্রীর জন্ম নিবন্ধন পত্র/প্রত্যয়ন পত্র/প্রশংসা পত্রের তথ্যাদির সাথে আবেদন পত্রে উল্লিখিত তথ্যাদির মিল থাকা আবশ্যক।
১২. ভর্তির সময় শিক্ষার্থীদের পূর্ববর্তি বছরগুলোর অনুরুপ হারে ২০২৪ শিক্ষা বর্ষের মোট বেতন, রেডক্রিসেন্ট, লাইব্রেরী, মিলাদ, ম্যাগাজিন, ক্রীড়া,দরিদ্র, সাংস্কৃতিক,পরিচয়পত্র, মসজিদ, স্কাউট, বিবিধ, ভর্তি ফি, উন্নয়ন ও বিদ্যালয়ের অন্যান্য যাবতীয় আনুষাঙ্গিক পাওনাদি বাবদ রেলওয়ে পোষ্য শিক্ষার্থীদের জন্য **৫৬৫/- (পাঁচ শত পঁয়ষট্টি)** টাকা এবং রেলওয়ে পোষ্য বিহীন বহিরাগত শিক্ষার্থীদের জন্য **৬১৫/- (ছয় শত পনেরো)** টাকা পরিশোধ করে ভর্তি হতে হবে।
১৩. অনিবার্য কারণে কোন তারিখ ও সিদ্ধান্ত পরিবর্তন করা হলে বিদ্যালয়ের নোটিশ বোর্ডে নোটিশের মাধ্যমে জানানো হবে।
১৪. ভর্তি ইচ্ছুক শিক্ষার্থীগণ www.railway.gov.bd এই ওয়েব সাইটের নোটিশ থেকে বাংলাদেশ রেলওয়ে সরকারি নাজিম উদ্দীন উচ্চ বিদ্যালয়ে ভর্তির আবেদন ফরম ডাউনলোড করে পূরণ করতে পারবে।
১৫. আবেদন পত্র পূরণের শুরুর তারিখ ও সময় ২৪/১০/২০২৩ খ্রিঃ সকাল ১১.০০ টা।
১৬. আবেদন পত্র জমা দানের শেষ তারিখ ও সময় ১৪/১১/২০২৩ খ্রিঃ বিকেল ০৫.০০ টা।

**অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হ'ল। (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

০১। প্রধান সংস্থাপন কর্মকর্তা (পশ্চিম) বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী।
০২। বিভাগীয় রেলওয়ে ম্যানেজার,বাংলাদেশ রেলওয়ে/পাকশী
০৩। উর্দ্ধতন কল্যাণ কর্মকর্তা (পশ্চিম) বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী
০৪। উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরদী।
০৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা ঈশ্বরদী থানা।
০৬। ডি পি ও/ বাংলাদেশ রেলওয়ে, পাকশী।
০৭। ডি ই এন/১/ বাংলাদেশ রেলওয়ে, পাকশী।
০৮। ডি ই এন/২/ বাংলাদেশ রেলওয়ে, পাকশী।
০৯। ডি ই ই/ বাংলাদেশ রেলওয়ে, পাকশী।
১০। ডি সি ও/ বাংলাদেশ রেলওয়ে, পাকশী।
১১। ডি এফ এ/ বাংলাদেশ রেলওয়ে, পাকশী।
১২। ডি এম ই/লোকো/ বাংলাদেশ রেলওয়ে, পাকশী।
১৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঈশ্বরদী।
১৪। উপজেলা হিসাব রক্ষন অফিসার, ঈশ্বরদী।
১৫। ডি এম ই/ক্যারেজ/ বাংলাদেশ রেলওয়ে, পাকশী।
১৬। ডি এম ও/ বাংলাদেশ রেলওয়ে, পাকশী।
১৭। ডি এস টি ই/ বাংলাদেশ রেলওয়ে, পাকশী।
১৮। ডি ই ও/ বাংলাদেশ রেলওয়ে, পাকশী।
১৯। সেতু প্রকৌশলী/বাংলাদেশ রেলওয়ে, পাকশী।
২০। কমান্ড্যান্ট/আর এন বি/বাংলাদেশ রেলওয়ে, পাকশী।
২১। প্রধান শিক্ষক, বাঃ রেলঃ সরঃ চন্দ্রপ্রভা বিদ্যাপীঠ/ পাকশী।
২২। প্রধান শিক্ষক, বাঃ রেলঃ সরঃ বালিকা উচ্চ বিদ্যালয়/ পাকশী।
২৩। এ এস/ঈশ্বরদী।
২৪। এ এ ও পে এন্ড ক্যাশ/ঈশ্বরদী।
২৫। ষ্টেশন ম্যানেজার/ ঈশ্বরদী।
২৬। ষ্টেশন মাষ্টার/ ঈশ্বরদী।
২৭। টি টি ই অফিস/ঈশ্বরদী।
২৮। এস এস এ ই/কার্য্য/ঈশ্বরদী।
২৯। এসএসএই/ইলেক/ঈশ্বরদী
৩০। এস এস এ ই/এল আর/ঈশ্বরদী।
৩১। এস এস এ ই/ক্যারেজ/ঈশ্বরদী।
৩২। এস এস এ ই/সিগঃ/ঈশ্বরদী।
৩৩। এস এস এ ই/ওয়ে/ঈশ্বরদী।
৩৪। পরিদর্শক/আর এন বি/ঈশ্বরদী।
৩৫। টিআরও/ওয়ার্কসপ ট্রেনিং ইউনিট/ঈশ্বরদী।
৩৬। এস আই/রেলওয়ে হাসপাতাল/ঈশ্বরদী।
৩৭। গার্ডস/রোস্টার/ঈশ্বরদী।
৩৮। হেড বুকিং ক্লার্ক/ঈশ্বরদী।
৩৯। গুডস ক্লার্ক/ঈশ্বরদী।
৪০। এস আই/আর এন বি/ ঈশ্বরদী।

প্রতিস্বাক্ষর

(শাহ্ সুফী নুর মোহাম্মদ)
বিভাগীয় রেলওয়ে ব্যবস্থাপক
বাংলাদেশ রেলওয়ে, পাকশী।

খন্দকার মোঃ আব্দুর রহমান
প্রধান শিক্ষক
বাংলাদেশ রেলওয়ে সরকারি নাজিম উদ্দীন
উচ্চ বিদ্যালয় ঈশ্বরদী, পাবনা।